দৈনিক খবর

তারিখ ... 18 JAN 1990 ...
পৃষ্ঠা... 7 ... কলাম ... ১৫ ...

৪৭

৩৭

## ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের প্রতিবাদে অবস্থান ধর্মঘট

ইসলামী বিশ্ববিদ্যালয় (গাজীপুর), ১৭ই জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।– ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবীতে গাজীপুরে প্রতিবাদ ও বিক্ষোভ অব্যাহত রয়েছে। ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

## ইসলামী বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

প্রতিরোধ কমিটির নতুন কর্মসূচীর প্রথম দিনে আজ বিশ্ববিদ্যালয়ের ঢাকা অফিসের সামনে দুপুর বারটা থেকে ২টা পর্যন্ত অবস্থান ধর্মঘট পালন করা হয়েছে। অবস্থান ধর্মঘট পালনের লক্ষ্যে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের একটি মিছিল খবর রোডে বিশ্ববিদ্যালয়ের ঢাকা অফিসের সামনে যেতে চাইলে অফিসের নিকটবর্তীস্থানে পুলিশ মিছিলের গতিরোধ করে দাঁড়ালে মিছিলকারীরা ঐ খানেই রাস্তায় বসে পড়েন এবং দু'ঘন্টা অবস্থান করেন। এ সময় ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র নেতৃবৃন্দের মধ্যে বক্তব্য রাখেন শাহজাহান আলম (সাজু), নাজমুল হক সাদী, কাইসার, আঃ মোতালেব, সহিদুল ইসলাম, আঃ রহমান, আঃ আজিজ, জাকির হোসাইন প্রমুখ।

বক্তারা অবিলম্বে ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সিদ্ধান্ত প্রত্যাহার করে কুষ্টিয়ায় অন্য আরেকটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবী জানান এবং বিশ্ববিদ্যালয় গাজীপুর থেকে স্থানান্তরের সিদ্ধান্ত গ্রহণ করায় রাষ্ট্রপতির পদত্যাগ দাবী করেন।

ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবীতে বিক্ষোভরত জনতার সাথে সংঘর্ষে কাপাসিয়ায় আনসার বাহিনী ১২ রাউন্ড ফাঁকা গুলীবর্ষণ করে বলে জানা গেছে। এদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক বিজ্ঞপ্তিতে আগামী ১৮ই জানুয়ারীর মধ্যে কুষ্টিয়াস্থ জেলা শহরে ইসলামী বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী কার্যালয়ে কাজে যোগদান করার জন্য গাজীপুরস্থ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কার্যরত ১৬ জন কর্মকর্তা ও কর্মচারীকে নির্দেশ প্রদান করেছেন। উক্ত নির্দেশ অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের দু'জন কর্মচারী আজ ক্যাম্পাসে তাদের বাসা ছেড়ে যাবতীয় মালামালসহ ট্রাকযোগে চলে যাবার চেষ্টা করলে স্থানীয় জনসাধারণ তাদের আটক করে এবং ক্যাম্পাসে ফিরিয়ে দেয়।

বিশ্ববিদ্যালয় স্থানান্তরের প্রতিবাদে আজ টঙ্গী কলেজেও এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সভাপতিত্ব করেন আবুল হোসেন। বক্তব্য রাখেন বাদল, আবদুল হালিম প্রমুখ।